
# করোগেটেড বাক্স ব্যবহারের সঠিক পদ্ধতি
















(১) বাক্সগুলো একটা শুকনো জায়গায় রাখুন, ছাদের তলায় এবং বৃষ্টি বাঁচিয়ে। গুদামটি অবশ্যই হতে হবে চারিদিক থেকে ঘেরা।

(২) প্যাক করার সময় প্রথমে (ভিতরের) ছোটো ফ্ল্যাপগুলো এবং পরে (বাইরের) লম্বা ফ্ল্যাপগুলো বন্ধ করুন।

(৩) কমপক্ষে ২.৫" চওড়া ভালো মানের BOPP TAPE ব্যবহার করে বন্ধ করে দিন। TAPE যেন বাক্সের দু-দিকে ২" করে বাড়ানো থাকে।

(৪) বাক্সটা উলটে নিন এবং চারটি ফ্ল্যাপ বাইরের দিকে ভাঁজ করুন।

(৫) ভিতরে ধাক্কা থেকে বাঁচানোর জন্যে যদি কোন জিনিস (বিচালি, পাতা, পরিত্যক্ত কাগজ ইত্যাদি) ব্যবহার করা হয়, সেগুলো যেন অবশ্যই পুরোপুরি শুকনো থাকে।

(৬) বাক্সের মধ্যে পণ্য (ফল, তরিতরকারি ইত্যাদি) গ্রহণযোগ্যভাবে একটা নির্দিষ্ট সাইজে, সমান অবস্থানে ভরুন।

(৭) বাক্সটি ওপরের কিনারা বা যত সম্ভব কাছাকাছি পর্য্যন্ত ভরতি করুন।

(৮) প্রথমে (ভিতরের) ছোটো এবং পরে (বাইরের) লম্বা ফ্ল্যাপগুলো ভাঁজ করে বাক্স বন্ধ করুন।

(৯) আবার কমপক্ষে ২.৫" চওড়া ভালো মানের BOPP TAPE ব্যবহার করে বন্ধ করে দিন। TAPE যেন বাক্সের দু-দিকে ২" করে বাড়ানো থাকে ।

(১০) বাক্সগুলো এমনভাবে একের ওপর এক সাজিয়ে রাখুন যাতে সব বাক্সের কোনাগুলো একে অন্যটার সঙ্গে মিলে থাকে এবং সোজা ভাবে থাকে।

(১১) সাজানো বাক্সগুলোর উচ্চতা, সবচেয়ে নিচের বাক্সের থেকে সবচেয়ে ওপরের বাক্সের ওপর পর্য্যন্ত ৮ (আট) ফুটের বেশি হবে না।

(১২) ভরতি করা বাক্সগুলো শুকনো এবং ঘেরা জায়গার মধ্যে রাখুন।

(১৩) যখন বাক্সগুলো বোঝাই করা হবে, যত্ন নিতে হবে যাতে সেগুলো পড়ে বা ছিটকে না যায়। এতে জিনিসের ক্ষতি এড়ানো সম্ভব।

(১৪) বাক্স তোলার সময় ভেন্টিলেশন ছিদ্র ব্যবহার করবেন না। বাক্সগুলো অবশ্যই নিচের থেকে ধরবেন।

(১৫) গোডাউনে বাক্সগুলো যেরকম একের ওপর এক সাজানো থাকে, ট্রাকে বোঝাই করার সময়ও সেই ভাবেই রাখবেন।

(১৬) ট্রাকের মাথা এবং চারিদিক ভাল মানের ত্রিপল দিয়ে যেন ঢাকা থাকে। ট্রাকের ভিতরের দেওয়ালে ঘষা লেগে বাক্সের যাতে ক্ষতি না হয় তার জন্যে পুরোনো করোগেটেড পট্টির মতো জিনিস দিয়ে ধাক্কা সামলানোর ব্যবস্থা থাকলে ভালো। সব থেকে ভালো কন্টেনার ট্রাক ব্যবহার করা।



















EICMA

Eastern India Corrugated Box Manufacturers' Association

R & D CENTRE, "Merlin Links", Flat No. 3F & 3G, 3rd Floor, 166B, S.P. Mukherjee Road, Kolkata - 700 026

Phone : 033 2465 6691, E-mail : eicma@vsnl.net, info@eicbma.com, Website : www.eicbma.com

Federation of Corrugated Box Manufacturers of India